

স্থায়ী কর্মে নিযুক্ত কোন সরকারী কর্মচারী ছুটির হিসাবে যখন কোন ছুটি মজুদ না থাকে তখন এলপিআর ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে বিশেষ প্রয়োজনে তার আবেদনের প্রেক্ষিতে অর্ধ-গড় বেতনে অগ্রিম ছুটি মঞ্জুর করা হয়।

১। এই অগ্রিম ছুটিকে প্রাপ্যতা বিহীন ছুটি (Leave not due) বলে।

২। মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে আবেদন করলে সমগ্র চাকরিকালে ১২ মাস পর্যন্ত এবং মেডিকেল সার্টিফিকেট ব্যতীত ৩ মাস পর্যন্ত এই ছুটি মঞ্জুর করা যায়।

৩। এই ছুটি ভোগের শেষে কর্মে ফেরত আসার পর পুনঃকর্মকালীন সময়ের অর্জনকৃত ছুটি দ্বারা এই ছুটি সমন্বয় না হওয়া পর্যন্ত কোন ছুটি প্রাপ্য হবে না।

৪। অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে প্রাপ্যতা বিহীন ছুটি প্রযোজ্য নয়। [Rules-5, PLR-1959]